

যুগান্তর

বৃহস্পতিবার

১৩ মার্চ ২০২৫ • ২৮ ফাল্গুন ১৪৩১



সাউথইস্ট ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম

সাউথইস্ট ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট সম্প্রতি রিটেইল ব্যাংকিং এবং ক্রেডিট কার্ডের মার্কেটিং দক্ষতা বাড়ানোর জন্য 'ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম' আয়োজন করে। প্রোগ্রামে ব্যাংকের চেয়ারম্যান এমএ কাশেম সমাপনী পর্বে দিকনির্দেশনামূলক বক্তব্য দেন। তিনি ব্যাংকের উদ্ভাবনী চিন্তাভাবনা ও গ্রাহককেন্দ্রিক উন্নয়নের প্রতিশ্রুতির কথা পুনর্ব্যক্ত করেন। এই প্রশিক্ষণে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক নুরুউদ্দিন মো. ছাদেক হোসাইন উদ্বোধনী বক্তব্য দেন। অনুষ্ঠানে ব্যাংকের বিভিন্ন শাখা থেকে ৭০ জন কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তি।